The Bangladesh Times

২৬/১/৮২

251

124

# বইয়ের কদর কমিতেছে

( ইত্তেফাক রিপোর্ট )

গত রবিবার সকালে বাংলা একাডেমী প্রাঙ্গণে প্রকাশনা সংস্থা মুক্তধারার উদ্যোগে শিশু-কিশোর আলোচনা প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। আলোচনার বিষয় বস্তু ছিল তোমার 'প্রিয় বই'। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ডক্টর সিরাজুল ইসলাম চৌধুরী। সভাপতিত্ব করেন কেন্দ্রীয় কচি-কাঁচা মেলার পরিচালক জনাব রোকনুজ্জামান খান (দাদা ভাই)। আলোচনা প্রতিযোগিতায় শিশু বিভাগে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকার করে যথাক্রমে শারমিন সুলতানা, ফারিয়া লারা ও তুরীন চৌধুরী। কিশোর বিভাগে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় হইয়াছে যথাক্রমে জেসমিন রহমান, নাজিনা মুনা ও লাবনী রাব্বী।

অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে ডক্টর সিরাজুল ইসলাম চৌধুরী বলেন, আমাদের সমাজে বই সম্পর্কে আগ্রহ সৃষ্টির মানসিকতা কমিয়া যাইতেছে। তিনি বলেন, বইয়ের মূল্য সাধারণের ক্রয় ক্ষমতার মধ্যে রাখার জন্য সরকারের উচিত ভর্তুকি প্রদান করা। বই-ই শিশু-কিশোরদের আনন্দ দিতে পারে। সেই জন্য বই সুলভ মূল্যে বিক্রয়ের সর্বাত্মক প্রচেষ্টা গ্রহণ করিতে হইবে।

সভাপতির ভাষণে জনাব রোকনুজ্জামান খান (দাদাভাই) বলেন, বই পড়িয়া বিশ্বকে জানা ও অভিজ্ঞতাকে সমৃদ্ধ করা যায়। তিনি বলেন, কিন্তু দুঃখজনক হইলেও বইয়ের কদর দিন দিন কমিয়া যাইতেছে। তিনি শিশুর মনের খোরাক মিটাইবার জন্য পাঠাগার সৃষ্টির উপর গুরুত্ব আরোপ করেন।

বিকালে 'মুক্তধারার দশ বছর' শীর্ষক আলোচনা অনুষ্ঠানে প্রবন্ধ পাঠ করেন জনাব শামসুজ্জামান খান ও ডক্টর নাজমা জেসমিন চৌধুরী। আলোচনায় অংশ নেন কথা সাহিত্যিক জনাব রাহাত খান, কবি আসাদ চৌধুরী ও শিল্পী হাসেম খান। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জনাব আবু মহামেদ হবিবুল্লাহ। সভাপতিত্ব করেন কবি সানাউল হক।